**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল সাইরাকিউজ শহরে রূপান্তরমূলক I-81 ভায়াডাক্ট প্রকল্পের জন্য তৃতীয় নির্মাণ চুক্তির অনুদান ঘোষণা করলেন

***তৃতীয় চুক্তির সুযোগ ভবিষ্যতের ব্যবসায়িক লুপ 81 বরাবর নতুন এবং উন্নত ইন্টারচেঞ্জগুলোর মধ্য দিয়ে শহরটির উত্তরদিকে প্রবেশদ্বার দেয়***

***শহর পুনর্গঠন মোটর চালক, পথচারী এবং সাইকেল আরোহীদের জন্য রাস্তাঘাট এবং নতুন সেতুগুলোয় নিরাপত্তা ও গতিশীলতা বাড়াবে***

গভর্নর ক্যাথি হোকল আজ রূপান্তরমূলক আন্তঃরাজ্য 81 ভায়াডাক্ট প্রকল্পের জন্য তৃতীয় নির্মাণ চুক্তির অনুদান ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation)-এর ইতিহাসে সর্ববৃহৎ এই প্রকল্পটি ডাউনটাউন সাইরাকিউজে একটি উঁচু হাইওয়েকে একটি কমিউনিটি গ্রিড দিয়ে প্রতিস্থাপন করবে যা আশপাশের এলাকাগুলোকে পুনঃসংযোগ করবে, গতিশীলতা উন্নত করবে এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক জুড়ে বিকাশের জন্য নতুন সুযোগ-সুবিধা এনে দেবে। সল্ট সিটি কনস্ট্রাকটর্স, LLC এর কাছে 218.9 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান অভ্যন্তরীণ বন্দর এবং উত্তরদিকে শহরের রাস্তাঘাট পুনর্গঠন করতে শুরু করেছে এবং আন্তঃস্টেট 81 ও 481 এর উত্তর ও দক্ষিণ ইন্টারচেঞ্জে ইতিমধ্যে চলমান নির্মাণের ওপর তৈরি করে।

"এখন তৃতীয় চুক্তির অনুদান দেওয়ার ফলে, ভায়াডাক্ট ভেঙে ফেলার জন্য নিউ ইয়র্ক এই দেশ-চালিত প্রকল্প দিয়ে দ্রুত সামনে এগিয়ে যাবে।" **গভর্নর হোকল বলেন।** "অভ্যন্তরীণ বন্দরে এবং সাইরাকিউজের উত্তরদিকে হওয়া কাজ কয়েক প্রজন্ম আগে অন্যায়ভাবে আলাদা করে দেওয়া পাড়াগুলোকে আবার সংযুক্ত করার লক্ষ্যে শহরকে আরও একধাপ এগিয়ে নিয়ে যাবে।"

I-81 ভায়াডাক্ট প্রকল্পের অংশ হিসাবে আটটির পৃথক নির্মাণের চুক্তির মধ্যে তৃতীয়টি প্রদান করা হবে বলে আশা করা হচ্ছে যা দক্ষিণমুখী I-81 বরাবর একাধিক অন-র‍্যাপকে একটি নতুন অন-র‍্যাম্পে পরিবর্তন করার দিকে মনোযোগ দিয়েছে যা ভবিষ্যতের ব্যবসায়িক লুপ (BL) দক্ষিণমুখী 81-এর সাথে সংযুক্ত করে। কাজের মধ্যে ভবিষ্যতের BL 81 বরাবর নর্থ ক্লিনটন এবং বিয়ার স্ট্রিটে নতুন এবং উন্নত দক্ষিণমুখী ইন্টারচেঞ্জ অন্তর্ভুক্ত আছে, যা শহরের উত্তরদিকে একটি প্রবেশদ্বার তৈরি করছে এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং বাড়িঘর আরও নিরাপদে অ্যাক্সেসের সুযোগ দেবে। উপরন্তু, নর্থ ক্লিনটনের রাস্তাকে বিয়ার স্ট্রিট থেকে জেনান্ট ড্রাইভ পর্যন্ত পুনর্গঠন করা হবে এবং প্রতি পাশে নতুন ফুটপাথ, সাইডওয়াক এবং কার্বসাইড পার্কিংয়ের ব্যবস্থা করা

হবে। নর্থ ক্লিনটন স্ট্রিটের নতুন গাছের সারি কোর্ট স্ট্রিটের দক্ষিণ থেকে জেনান্ট ড্রাইভের মোড় পর্যন্ত ভাগাভাগি করে ব্যবহারের পথ দেবে।

সেইসাথে উত্তরদিকের সাথে অভ্যন্তরীণ বন্দরের সংযোগকারী তিনটি সেতু প্রতিস্থাপন করে তৃতীয় নির্মাণ মোটর চালক, পথচারী এবং সাইকেল চালকদের জন্য নিরাপত্তা এবং গতিশীলতা বাড়াবে। বিয়ার, কোর্ট এবং স্পেনসর স্ট্রিটের ব্রিজগুলো আরও প্রশস্ত নির্মাণ দিয়ে প্রতিস্থাপিত হবে যার মধ্যে সাইডওয়াক থাকবে এবং সম্প্রসারিত ভবিষ্যতের BL 81 এর ওপর মানানসই হবে। একটি ভাগাভাগি করে ব্যবহারের পথও কোর্ট ও স্পেনসর স্ট্রিটের ব্রিজগুলোতে থাকবে।

অতিরিক্ত প্রকল্পের বৈশিষ্ট্যগুলির মধ্যে রয়েছে:

- পথচারীদের ক্রস করার দূরত্ব কমাতে বাঁধানো ফুটপাতের বাম্প-আউট ইনস্টলেশন।
- প্রায় 400টি নতুন গাছ, সুসজ্জিত রাস্তার আলো এবং নতুন ট্রাফিক সিগনাল।
- বেশিরভাগ বিয়ার স্ট্রিটের সাথে সংযুক্ত এম্পায়ার স্টেট পথের উত্তরদিক বরাবর পথচারীদের জন্য উন্নয়ন।
- আরও কার্যকর এবং নিরাপদ সংযোগের ব্যবস্থা করে, বিয়ার স্ট্রিটের সাথে পূর্বমুখী I-690 এর ইন্টারচেঞ্জে উন্নয়ন।

2023 এর গ্রীষ্মে, ফেডারেল, স্টেট এবং স্থানীয় নেতাদের সাথে মিলে গভর্নর হোকল I-81 ভায়াডাক্ট প্রকল্পের জন্য শিলান্যাস করেন। টেনেসি থেকে কানাডিয়ান সীমান্ত পর্যন্ত জাতীয় এবং আন্তর্জাতিক উত্তর-দক্ষিণ বাণিজ্যের রুটের সাথে একটি উচ্চ-গতির আন্তঃরাজ্য সংযোগ বজায় রাখার জন্য প্রধান নির্মাণের প্রথম এবং দ্বিতীয় চুক্তি চলমান এবং অপরিহার্য। একসাথে, এগুলো বিদ্যমান I-81/I-481 এর উত্তর এবং দক্ষিণ সড়কের ইন্টারচেঞ্জকে BL 81 এবং I-81 এরসাথে পুনঃসংযোগ করার দিকে নজর দেয়।

I-81 ভায়াডাক্ট প্রকল্প হল নিউ ইয়র্ক স্টেটের অবকাঠামো আধুনিকীকরণের জন্য গভর্নর হোকলের অভূতপূর্ব প্রতিশ্রুতির অংশ এবং স্টেট জুড়ে সম্প্রদায়ের জন্য সমতা, সংযোগ, এবং মাল্টি-মোডাল পরিবহনের সুযোগের প্রচার করে এমন প্রকল্পে বিনিয়োগ। 2022 সালে গৃহীত 33 বিলিয়ন মার্কিন ডলারের NYSDOT ক্যাপিটাল প্ল্যান একটি আধুনিক পরিবহন ব্যবস্থার জন্য গভর্নরের দূরদর্শিতা পূরণ করতে সাহায্য করে যা স্টেট জুড়ে নিউ ইয়র্কবাসীদের পরিষেবা প্রদান করে। প্রকল্পটিতে ফেডারেল ও স্টেট সংস্থান মিশিয়ে অর্থায়ন করা হবে।

আনুমানিক 2.25 বিলিয়ন ডলার প্রকল্পের লক্ষ্য হল 1950 এর দশকে শহরের কেন্দ্রস্থলের মধ্যে দিয়ে ভায়াডাক্ট নির্মাণের জন্য নেওয়া ভুল বিবেচনামূলক সিদ্ধান্তটিকে পরিবর্তন করা এবং কমিউনিটি গ্রিড নির্মাণের মাধ্যমে, অন্তর্ভুক্তি এবং সমতার জন্য নতুন সুযোগ প্রদান করা। কমিউনিটি গ্রিড শহরের বিদ্যমান যানজটের সমস্যা থেকে মুক্তি দেবে এবং আন্তঃরাজ্য মহাসড়ক নেটওয়ার্ক এবং শহরতলির ব্যবসায়িক জেলা, এলাকার হাসপাতালগুলি এবং সিরাকিউজ ইউনিভার্সিটি সহ মূল গন্তব্যগুলিতে যাওয়া আসার অ্যাক্সেস উন্নত করবে। এটি সমগ্র প্রকল্প অঞ্চল জুড়ে পথচারী ও সাইকেলের জন্য ADA অনুযায়ী অ্যাক্সেসযোগ্য সুযোগ-সুবিধা প্রদান করবে।

কঠোরভাবে সম্প্রদায়ের অন্তর্ভুক্তি এবং ফেডারেল হাইওয়ে অ্যাডমিনিস্ট্রেশন এবং সিটি অফ সিরাকিউজের সাথে অংশীদারিত্বে, বিপার্টিসান ইনফ্রাস্ট্রাকচার আইনের অধীনে দেশে অনুমোদিত প্রথম স্থানীয়-নিয়োগের বিধানগুলির মধ্যে একটি তৈরি করেছে। এটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির জিপ কোড থেকে স্থানীয় বাসিন্দাদের একটি প্রচলিত মজুরিতে নিয়োগ করে। প্রত্যেক চুক্তির লক্ষ্য হল নিয়োগ করা কর্মবাহিনীর 15 শতাংশ স্থানীয় কর্মী হতে হবে। আজ, প্রথম চুক্তি 15 শতাংশ লক্ষ্যের মধ্যে 13.57 শতাংশে এবং দ্বিতীয় চুক্তি 19.19 শতাংশে আছে, যার সর্বমোট দাঁড়ায় 16.38 শতাংশ। কম অভিজ্ঞতা থাকা বা একদম অভিজ্ঞতা না থাকা আবাসিকদের দিয়ে প্রকল্পটিতে কাজ করানোর অভূতপূর্ব সুযোগ তৈরি করার মাধ্যমে সফলতা অর্জন করে তৃতীয় চুক্তির ভিত্তি গড়ে উঠবে, যাতে তারা বাড়িতে অর্থবহ বেতনের চেক নিয়ে যেতে পারেন।

কমিউনিটি অংশীদারদের সাথে জোটবদ্ধ হয়ে, নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ কর্মসংস্থানের গ্রুপগুলির সাথে সহযোগিতা করছে, যার মধ্যে রয়েছে পাথওয়েস টু অ্যাপ্রেন্টিসশিপ, WorkSmart NY সিরাকিউজ বিল্ড, আরবান জবস টাস্ক ফোর্স, CNY ওয়ার্কস এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবারস ওয়ার্কফোর্স ফরোয়ার্ড: যারা প্রকল্পে কাজ করতে আগ্রহী সিরাকিউজ তাদের নিয়োগ ও প্রশিক্ষণ করবে।

**স্টেট পরিবহন বিভাগ (State Department of Transportation) এর কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন,** "I-81 প্রকল্পটি দীর্ঘকাল ধরে দ্বিধা বিভক্ত হয়ে থাকা সম্প্রদায়গুলোকে পুনর্মিলিত করে এবং একটি সম্পূর্ণ এলাকার রূপ পরিবর্তন করে প্রকৃতই সেন্ট্রাল নিউ ইয়র্কের খেলা পাল্টে দেবে। তৃতীয় চুক্তির অনুদান এই প্রকল্পটি সম্পূর্ণ করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতির প্রত্যক্ষ প্রতিফলন এবং ভায়াডাক্টের কাছে দ্বিধাবিভক্ত হওয়া সম্প্রদায়গুলো আবার সংযুক্ত না হওয়া পর্যন্ত এবং এই পাড়াগুলোকে পুনঃসংযুক্ত করে এমন একটি পরিবহন নেটওয়ার্ক পুনরুদ্ধার না করা পর্যন্ত আমরা থামবো না!"

**সিনেটের সংখ্যা গরিষ্ঠ নেতা চার্লস শুম্যার বলেন**, "এখন যেহেতু I-81 এর রূপান্তরে তৃতীয় নির্মাণের চুক্তির সিদ্ধান্ত হয়ে গেছে, আমরা সাইরাকিউজকে পুনঃসংযুক্ত এবং উজ্জীবিত করার এই দীর্ঘস্থায়ী দৃষ্টিভঙ্গির দিকে আরও এক ধাপ এগিয়ে গেলাম। শেষমেষ, ইনার হার্বারে এবং উত্তরদিকে আমাদের শহরের রাস্তা এবং ব্রিজগুলো পুনর্গঠন করার জন্য শীঘ্রই বেলচা দিয়ে মাটি কাটা শুরু হবে, সাথে নতুন সুযোগ এবং একটা উজ্জ্বল ভবিষ্যতের জন্য আরও ভালোভাবে সাইরাকিউজকে সংযুক্ত করতে নতুন বাইকের রাস্তা এবং আরও প্রশস্ত সাইডওয়ার্ক থাকবে। আমি দ্বিপক্ষীয় অবকাঠামো এবং চাকরি আইন পাস করার জন্য নেতৃত্ব দেওয়ার সময়, আমি সৎ পথে থাকার নির্দেশ মেনে, সিরাকিউজের I-81 রূপান্তরের মতো প্রকল্পগুলির ক্ষেত্রে দায়িত্বপালন করেছি। এখন, যখন নির্মাণকাজ পুরোদমে ইউনিয়ন কনস্ট্রাকশন জবস চালিত হয়ে, এখান কমিউনিটি থেকে নিয়োগ করে এগিয়ে চলছে, তখন আমরা এমন একটি ন্যায্য, অ্যাক্সেসযোগ্য পরিবহনের ইকোসিস্টেম জোড়দার করার দিকে একধাপ এগিয়ে যাচ্ছি যা সাইরাকিউজে সকলের জন্য জীবনের মান এবং অর্থনৈতিক জীবনীশক্তি উন্নত করে। আমি গভর্নর হোকল এবং আমাদের মেয়র ওয়ালশকে এই অত্যাবশ্যক প্রচেষ্টায় তাদের অংশীদারিত্ব এবং নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

**স্টেট সিনেটর জন ম্যানিয়ন বলেন,** “স্টেটের ইতিহাসে অন্যতম বৃহত্তম একটি প্রকল্প হিসাবে, I-81 এর পুনরুন্নয়ন সেন্ট্রাল নিউ ইয়র্কের রূপ পাল্টে দেবে এবং সাইরাকিউজ শহরে আরও সংঘবদ্ধ, প্রাণবন্ত এবং সমৃদ্ধ পাড়া তৈরি করবে। চলমান কাজ, পরিকল্পনা এবং চুক্তির অনুদান ঘোষণা দেখায় যে ভায়াডাক্ট প্রতিস্থাপনের সমস্ত দিকই সামনে এগোচ্ছে। আমি গভর্নর হোকলের নেতৃত্ব এবং পরিবহন বিভাগ (Department of Transportation)-এর অসংখ্য নিবেদিত সরকারি কর্মচারীদের কঠোর পরিশ্রমে কৃতজ্ঞ।”

**স্টেট সিনেটর রেচল মে বলেছেন,** “I-81 প্রকল্পটি এক দশকেরও বেশি সময় ধরে সিরাকিউজের ভবিষ্যতের সব চেয়ে বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে৷ শেষ পর্যন্ত মাটি কাটার কাজ শুরু হয়েছে এবং এই বিরাট অবকাঠামোর প্রকল্পটি চলমান অবস্থায় দেখে সত্যিই রোমাঞ্চিত। স্টেট যেহেতু সর্বশেষ চুক্তিটি প্রদান করে দিয়েছে, তাই আমাদের অবশ্যই আমাদের কমিউনিটিতে পুনর্বিনিয়োগ অব্যাহত রাখতে হবে এবং I-81 এর কারণে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তারা যাতে কমিউনিটি গ্রিড প্রকল্পের মাধ্যমে আনা উচ্চমানের চাকরি থেকে সুবিধা পান তা নিশ্চিত করতে হবে। উঁচু হাইওয়ে ভেঙে ফেলার অর্থ শুধু আমাদের অবকাঠামো উন্নত করাই নয়, সাথে এটি এক উজ্জ্বল ভবিষ্যতের দিকে সাইরাকিউজকে ঐক্যবদ্ধ করা এবং নিয়ে যাওয়ার পথও বটে। গভর্নর হোকলের নেতৃত্ব অত্যন্ত সহায়ক এবং আমার সেই সকল সহকর্মীদের ধন্যবাদ যাদের সহযোগিতা অতুলনীয়।"

**অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম বি. ম্যাগনারেলি বলেন,** “I-81 ভায়াডাক্ট প্রকল্পটি সম্পূর্ণ সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে লক্ষ্যণীয় প্রভাব ফেলবে। অভ্যন্তরীন বন্দর এবং উত্তরদিকের রাস্তাগুলোকে পুনরায় সংযুক্ত করে, স্টেট ট্রাফিকের প্যাটার্নে হওয়া পরিবর্তনের সাথে আরও ভালোভাবে মানিয়ে নেওয়ার জন্য এই কমিউনিটিকে প্রস্তুত করছে যা কমিউনিটি গ্রিড নির্মাণের কারণে হবে।”

**অ্যাসেম্বলি সদস্য অল স্টির্প বলেন,** "I-81 স্থানান্তরে তৃতীয় চুক্তির মুক্তি দেখায় যে সাইরাকিউজের ইতিহাসে সর্ববৃহৎ প্রকল্পে আমরা খুব ভালো অগ্রগতি করছি। এই মাইলফলক অবকাঠামো পরিবর্ধন করা, কমিউনিটিগুলোকে পুনঃসংযুক্ত করা এবং পুরো অঞ্চল জুড়ে অর্থনৈতিক বৃদ্ধিকে উৎসাহিত করা প্রতি আমাদের আরেক ধাপ এগিয়ে যাওয়াকে নির্দিষ্ট করে। এটি শুধুমাত্র নতুন ইন্টারচেঞ্জগুলো জুড়ে গতিশীলতা এবং নিরাপত্তাই উন্নত করবে না, সাথে এটি পথচারীদের অনুকূল উন্নতিরও সুযোগ দেবে।"

হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511.org ওয়েবসাইটে যান, অথবা m511ny.org ঠিকানায় মোবাইল সাইট দেখুন।

পূর্বে Twitter হিসাবে পরিচিত, X-এ I-81 ভায়াডাক্ট প্রকল্প অনুসরণ করুন: @NYSDOTI81 ফেসবুকে আমাদের খুঁজে পাবেন এই ঠিকানায় facebook.com/NYSDOTI81।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন